

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৫০

তেলিয়ামুড়া, ২৬ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত সংকল্প যাত্রা

তেলিয়ামুড়া পুর পরিষদ ভিত্তিক বিকাশ শিবির

তেলিয়ামুড়া পুর পরিষদ ভিত্তিক বিকশিত ভারত সংকল্প যাত্রা এবং প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে দ্বিতীয় পর্যায়ের বিকাশ শিবির সম্প্রতি চিত্রাঙ্গদা কলা কেন্দ্রে আয়োজিত হয়। শিবিরে উপস্থিতি ছিলেন ত্রিপুরা বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, ভাইস চেয়ারপার্সন মধুসূন্দন দাস রায়, তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী এবং উপ মুখ্য কার্যনির্বাহী আধিকারিক অমিত রায় চৌধুরি প্রমুখ। অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্য সচেতক কল্যাণী সাহা রায় বলেন, দেশের যুবক, যুবতী ও মহিলাদের আত্মানির্ভর করার লক্ষ্যে কেন্দ্র ও রাজ্য সরকার কাজ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামী ২০৪৭ সালের মধ্যে দেশকে বিকশিত ভারত হিসেবে গড়ার লক্ষ্যে সকল অংশের জনগণ যাতে এগিয়ে আসে তারজন্য আহ্বান জানিয়েছেন।

শিবিরে পুর পরিষদ কার্যালয়ের পক্ষ থেকে ৫৫৯টি আর ও আর, ৩৫৬টি ট্রেড লাইসেন্স এবং পিএম স্বনির্ধি যোজনায় ১৫টি আবেদন পত্র জমা নেওয়া হয়। তাছাড়া মহকুমা শাসক কার্যালয়ের পক্ষ থেকে ২৮৬টি পিআরটিসি, ৭৯টি এসসি, ২৭টি এসটি, ৯৫টি ওবিসি এবং ৩২টি ম্যারেজ শংসাপত্রের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। শিবিরে শ্রম দপ্তরের পক্ষ থেকে নির্মাণ শ্রমিক কল্যাণ প্রকল্পে ৩১টি আবেদনপত্র জমা নেওয়া হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে ২০ জন সুবিধাভেগীকে ১০টি করে হাঁসের বাচ্চা সহ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। এছাড়া ৫০টি পরিবারের ৪০২টি গবাদি পশু-পাখির জন্য ঔষধ দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ২৭৭টি আয়ুর্ম্বান কার্ডের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয় এবং ৭২১ জনের স্বাস্থ্য পরীক্ষা করে ঔষধ দেওয়া হয়। শিবিরে উদ্যান পালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের পক্ষ থেকে ১৭৭টি বিভিন্ন প্রজাতির ফুল গাছের চারা জনসাধারণের মধ্যে বিলি করা হয়। এছাড়া শিবিরে পিএম উজ্জ্বলা যোজনায় ৩২টি পরিবারের মধ্যে গ্যাসের সিলিন্ডার বিলি করা হয়।
